রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ ভাদ্র, ১৪৩৩ মোতাবেক ২৭ আগস্ট, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১২ ভাদ্র, ১৪৩৩ মোতাবেক ২৭ আগস্ট, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১০৫/২০২৬

## Transfer of Property Act, 1882 (Act No. IV of 1882) এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু Transfer of Property Act, 1882 এর অধীন জীবনকালীন ভোগাধিকার (Lifetime usufruct) সংরক্ষণপূর্বক দান সংক্রান্ত বিধান সুনির্দিষ্ট করা এবং উক্ত ভোগাধিকার সুরক্ষার জন্য তদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Transfer of Property (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. IV of 1882 এর section 122 এর সংশোধন।**—Transfer of Property Act, 1882 (Act No. IV of 1882), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 122 এ উল্লিখিত "on behalf of the donee" শব্দগুলির পর ", which shall also include a gift under section 122A of this Act" কমা, শব্দগুলি ও সংখ্যা সন্নিবেশিত হইবে।


মূল্য : টাকা ৮·০০

৩। **Act No. IV of 1882 এ নূতন section 122A ও section 122B এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 122 এর পর নিম্নরূপ নূতন section 122A ও section 122B সন্নিবেশিত হইবে, যথা:—

"122A. **Gift with reservation of right of usufruct**.—(1) Notwithstanding anything contained in this Act or any other law for the time being in force, a transfer of movable or immovable property by way of gift reserving the right of lifetime enjoyment (usufruct rights) of the property by the donor shall be valid.

(2) The gift under sub-section (1) shall be valid subject to the condition that such gift shall be made by any parent or grandparent to his or her child or children or grandchild or grandchildren or vice-versa, or between spouses, and such gift so far relates to immovable property shall be made by a declaration under this section upon execution of a deed registered under section 17(1)(a) of Registration Act, 1908 (Act No. XVI of 1908).

(3) In the event of the death of the donee during the lifetime of the donor, the property shall be transmitted to the donee's heirs in accordance with law with the right of enjoyment of the donor continuing to subsist and attached to the property.

(4) A transfer under this section shall constitute a distinct mode of transfer under this Act and shall not be construed as limiting, derogating from, or otherwise affecting the validity of any gift or *Heba* or any other mode of transfer recognized under this Act or any other law for the time being in force.

122B. **Revocation or variation of Gift with reservation of right of usufruct.**—(1) A gift under section 122A shall be irrevocable after registration, except—

(a) by mutual consent of the donor and the donee expressed in a registered deed where it is necessary to vary, revoke, or otherwise deal with the rights created under section 122A to meet any financial, medical, educational, family or other genuine necessity; or

(b) where the consent of either party cannot be obtained because of minority, disappearance, unsoundness of mind, legal incapacity or any other sufficient cause, the District Judge may, upon an application by the other party, authorize such variation, revocation or dealing with the rights created under section 122A on the grounds mentioned in clause (a).

(2) Before making an order under clause (b) of sub-section (1), the District Judge shall—

(a) give notice to all interested persons;

(b) make such inquiry as he considers necessary; and

(c) be satisfied that the application is made in good faith."।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

The Transfer of Property Act, 1882-এ সম্পত্তি হস্তান্তরের বিভিন্ন পদ্ধতি সম্পর্কে বিধান থাকলেও, দাতার জীবনকাল পর্যন্ত সম্পত্তির ভোগাধিকার (Lifetime usufruct) সংরক্ষণ করে দান করার বিষয়ে কোনো সুনির্দিষ্ট বিধান নেই। রক্তসম্পর্কীয় নির্দিষ্ট স্বজন এবং স্বামী-স্ত্রীর মধ্যে সম্পত্তি দানের ক্ষেত্রে দাতার স্বার্থ সীমিতভাবে সুরক্ষিত রাখার লক্ষ্যে জীবনকালীন ভোগাধিকার সংরক্ষণপূর্বক দানের বিধান প্রবর্তনের প্রয়োজন রয়েছে। এ উদ্দেশ্যে উক্ত আইনে নতুন Section 122A ও 122B সংযোজন করে 'The Transfer of Property (Amendment) Act, 2026' শীর্ষক বিলটি প্রস্তুত করা হয়েছে।

প্রস্তাবিত জীবনকালীন ভোগাধিকার সংরক্ষণপূর্বক দান হবে সম্পত্তি হস্তান্তরের একটি স্বতন্ত্র পদ্ধতি। এই বিধান সকল ধর্মাবলম্বীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। এর ফলে প্রচলিত সাধারণ দান (Gift), মুসলিম আইনের অধীন হেবা (Heba) বা আইন দ্বারা স্বীকৃত অন্য কোনো প্রকার সম্পত্তি হস্তান্তরের উপর কোনো প্রভাব পড়বে না বা সাংঘর্ষিক পরিস্থিতি তৈরি করবে না।

উপর্যুক্ত উদ্দেশ্য ও কারণে 'The Transfer of Property (Amendment) Act, 2026' শীর্ষক বিলটি আইনে পরিণত করার লক্ষ্যে মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd